

নং-৪৬.০০.৭৮০০.০৪২.১৪.১১৭.১৭.৬০০

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পটুয়াখালী জেলা পরিষদের অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প সংশোধন।

সূত্রঃ পটুয়াখালী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং- ৪৬.১০.৭৮০০.০০০০.১৪.০০১.১৮-৭৪ তারিখঃ ০৭/০৩/২০১৮।

পটুয়াখালী জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ১,৩৭,০০,০০০/- (এক কোটি সাইত্রিশ লক্ষ) টাকায় গৃহীত ৫৫টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং- ৩০ এ গৃহীত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার প্রকল্পটি রাঙ্গাবালী উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে জেলা পরিষদ ডাকবাংলোর সম্মুখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নির্মাণ সংক্রান্ত। উল্লেখ্য গত ০৪ অক্টোবর ২০১১ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় নিম্নোক্ত সিদ্ধান্তটি গৃহীত হয়ঃ

“বঙ্গবন্ধু কিংবা তাঁর পরিবারের নামে কোন ধরনের কার্যক্রম গ্রহণের পূর্বে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নিতে হবে”।

২। এমতাবস্থায়, রাঙ্গাবালী উপজেলা কমপ্লেক্স এর অভ্যন্তরে জেলা পরিষদ ডাকবাংলোর সম্মুখে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরাল নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নের জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নেয়া হয়েছে কিনা; অনুমোদন গ্রহণ করা না হয়ে থাকলে অনুমোদন নিয়ে পুনঃরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. Azim
০৪/০৬/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।